

একাকি আমি

একাকি হেটে বেড়াই আমি সমুদ্রতটে
চেয়ে থাকি শেষ প্রান্তের কালো রেখার দিকে
যেখানে সমুদ্র গিয়ে আকাশের সাথে মিশেছে
মনে মনে ভেবে চলি অনেক কথা
যা কখনও কাউকে বলা হয়নি
হয়তোবা হবে না কাউকে বলা।

মনে মনে 'তার'সাথে কথা বলি
'সে' থাকে সবুজ দারুচিনি দ্বীপে
'তার' কোন মুখ নেই আছে শুধু আকৃতি
এক আদিম যুবকের আকৃতি
যার নিষ্পাপ চোখে আছে মমতার ছায়া।

আমি তার হাত ধরে ছুটে বেড়াই
বলি অনেক ভালোবাসার কথা
কখনো বা দুজনে নীরবে শুনি পাখির গান
তারপর এক সময় তটিনী শেষ হয়ে আসে
আমি ফিরে আসি আবার আমার নিসঙ্গ জগতে।

তানবীরা তালুকদার